



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
“পল্লী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা।

www.brdb.gov.bd

তারিখ- ২৪/০৪/২০১৮ খ্রিঃ


স্মারক নং -৪৭.৬২.০০০০.৫০৪.১৪.০৯৪.১১.২৩৯৯

বিষয়ঃ আদর্শ গ্রাম প্রকল্পের তহবিল স্থানান্তর অনুমোদন।

সূত্রঃ বিআরডিবি বগুড়ার পত্র নং-৪৭.৬২.১০০০.৮৫১.১৮.১০০.১৭.৪১ তারিখ-১৫/০১/২০১৮ খ্রিঃ।

প্রকল্পের শুরুতে বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলায় ৪০.৪০ লক্ষ টাকা ঋণ তহবিল প্রদান করা হয়েছিল। প্রদত্ত তহবিল থেকে সারিয়াকান্দি উপজেলায় মাত্র ০.৫৭ লক্ষ টাকা বিতরণ করা হয়। বিতরণকৃত ০.৫৭ লক্ষ টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী এবং ৩৯.৮৩ লক্ষ টাকা দীর্ঘদিন যাবৎ অব্যয়িত অবস্থায় থাকায় ইতিপূর্বে বিআরডিবি'র স্মারক নং ৪৭.৬২.০০০০.৫০৪.১৪.০৯৪.১১.৮০৩৯ তারিখ- ২৪/১২/২০১৭ খ্রিঃ অনুযায়ী গাবতলী উপজেলায় ১৫.০০ লক্ষ টাকা স্থানান্তর করা হয়েছিল। বর্তমানে সারিয়াকান্দি উপজেলায় ২৪.৮৩ লক্ষ টাকা অব্যয়িত অবস্থায় রয়েছে। দীর্ঘদিন যাবৎ ঋণ তহবিল ব্যবহার না হওয়ায় প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের ক্ষেত্রে নেতিবাচক প্রভাব পড়েছে। অপরদিকে শেরপুর উপজেলায় পর্যাপ্ত ঋণ তহবিল না থাকায় ঋণ গ্রহীতাদের চাহিদা পূরণ করা যাচ্ছেনা। শেরপুর উপজেলায় বিদ্যমান ঋণ তহবিলের চাহিদার প্রেক্ষিতে সারিয়াকান্দি উপজেলার অব্যয়িত তহবিল থেকে ৫.০০ লক্ষ টাকা নিম্নোক্ত শর্তে স্থানান্তরের জন্য অনুমোদন দেয়া হলো।

- ১। ঋণ বিতরণ ও আদায়ে প্রকল্প বাস্তবায়ন নীতিমালা ও পরবর্তীতে বিভিন্ন সময় জারীকৃত অফিস আদেশ অনুসরণ করতে হবে। অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা- কর্মচারীগণ দায়ী হবেন।
- ২। তহবিল স্থানান্তর ও গ্রহণের তথ্য সংশ্লিষ্ট উপজেলা ও জেলার মাসিক রিপোর্টে অন্তর্ভুক্ত করতে হবে এবং আগামী মাসের মাসিক প্রতিবেদনে নোট আকারে তথ্য উল্লেখ্য করতে হবে।
- ৩। তহবিল স্থানান্তর ও গ্রহণের হিসাব সংশ্লিষ্ট উপজেলায় হিসাবের বহিতে লিপিবদ্ধ করতে হবে।
- ৪। শেরপুর উপজেলার আদর্শ গ্রাম প্রকল্প -২ এর ব্যাংক হিসাবের সংশ্লিষ্ট শিরোনামে ৫.০০ লক্ষ টাকা ডিমাল্ড ড্রাফট (ডিডি)/ক্রসড চেকের মাধ্যমে স্থানান্তর করতে হবে এবং তহবিল স্থানান্তর ও গ্রহণের তথ্য সদর দপ্তরে প্রেরণ করতে হবে। এমতাবস্থায় সারিয়াকান্দি উপজেলা থেকে ৫.০০ লক্ষ টাকা শেরপুর উপজেলায় স্থানান্তরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


মোঃ মাসুদুল হোসাইন খান
যুগ্ম সচিব
পরিচালক (সরেজমিন)


উপপরিচালক
বিআরডিবি, বগুড়া

তারিখ- ২৪/০৪/২০১৮ খ্রিঃ

স্মারক নং -৪৭.৬২.০০০০.৫০৪.১৪.০৯৪.১১.২৩৯৯

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শেরপুর/সারিয়াকান্দি, বগুড়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর/সারিয়াকান্দি, বগুড়া।
- ৩। উপপরিচালক (প্রোগ্রামিং) বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রকল্প পরিচালক, গুচ্ছ গ্রাম প্রকল্প, ভূমি মন্ত্রণালয়।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৬। সংশ্লিষ্ট নথি।


আলমগীর কবির সরকার
সহকারী পরিচালক মার্কেটিং
বিআরডিবি, ঢাকা।